

জীবন সুস্বাস্থ্যে কাটান।

NYC HEALTH+ HOSPITALS

NYC | YOUNG MEN'S INITIATIVE

*এই পুস্তিকাটি অনলাইনে অ্যাক্সেস করতে আপনার স্মার্টফোন দিয়ে এই QR কোডটি স্ক্যান করুন!*

সংযুক্ত থাকুন। আমাদেরকে অনুসরণ করুন।

www.nychealthandhospitals.org

# অভিভাবকত্ব সংক্রান্ত একটি নির্দেশিকা



NYC HEALTH+ HOSPITALS

Bengali_10/2020



## আমার সন্তানের বয়স 18 বছরে উপনীত হলে কী ঘটবে?

আপনার সন্তানের 18 তম জন্মদিনের পর, আপনি আর তার আইনি অভিভাবক থাকবেন না। আইন অনুযায়ী, 18 বছর এবং তার বেশি বয়সী সব ব্যক্তিকে সক্ষম হিসেবে বিবেচনা করা হয়। আইনত, সক্ষমতার সংজ্ঞা হলো স্বাস্থ্যসেবা, আর্থিক বিষয়সমূহ এবং জীবনের অন্যান্য গুরুত্বপূর্ণ ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা।

স্বাস্থ্যসেবার ক্ষেত্রে, মেডিকেল চিকিৎসার জন্য অবহিত সম্মতি প্রদানের ক্ষমতার ভিত্তিতে সক্ষমতা নির্ধারণ করা হয়। অবহিত সম্মতি হলো মেডিকেল চিকিৎসার সাথে সম্পর্কিত সব সুবিধা ও ঝুঁকি অনুধাবন করতে পারার ক্ষমতা। যদি আপনি মনে করেন যে আপনার সন্তান অবহিত সম্মতি প্রদানে অক্ষম, তাহলে আপনি তার 18তম জন্মদিনের পর অভিভাবকত্ব চাওয়ার বিষয়টি বিবেচনা করতে পারেন। এটি আপনার প্রাপ্তবয়স্ক সন্তানকে মেডিকেল সেবা গ্রহণের সময় সুরক্ষা দিতে এবং সাহায্য করতে পারে।

## অভিভাবকত্ব বলতে কী বোঝায়?

আদালত কর্তৃক আইন অনুযায়ী বাবা বা মা অথবা আস্থাভাজন কোনো প্রাপ্তবয়স্ক ব্যক্তিকে অভিভাবকত্ব প্রদান করা হয়। এটি হলো অন্য কোনো ব্যক্তির পক্ষ হয়ে সিদ্ধান্ত নেয়ার আইনি অধিকার যিনি নিজের জন্য তার সেরা স্বার্থ বিবেচনা করে সিদ্ধান্ত গ্রহণ করতে "অক্ষম"। সব ব্যক্তি 18 বছর বয়সে উপনীত হলে তাদেরকে সক্ষম হিসেবে বিবেচনা করা হয়। স্বাস্থ্যসেবার ক্ষেত্রে, সক্ষমতাকে অবহিত সম্মতি প্রদানের ক্ষমতা অথবা ব্যক্তির গ্রহণ করতে সম্মত হওয়া সেবা সম্পর্কে পুরোপুরি বুঝতে পারার ক্ষমতা হিসেবে সংজ্ঞায়িত করা হয়।

যদি আপনার সন্তানের বয়স 18 বছরে পৌঁছে যায় এবং আপনার মনে হয় যে মেডিকেল সিদ্ধান্ত নেয়ার ক্ষেত্রে তার এখনো আপনার সাহায্য নেয়া প্রয়োজন, তাহলে তার সুরক্ষার জন্য আপনি অথবা অন্য একজন আস্থাভাজন প্রাপ্তবয়স্ক ব্যক্তি তার আইনি অভিভাবক হিসেবে নির্বাচিত হতে পারেন। আপনার প্রাপ্তবয়স্ক সন্তানের সক্ষমতা মূল্যায়নের জন্য একজন ফিজিশিয়ান এবং একজন মনস্তত্ত্ববিদ দ্বারা মূল্যায়ন সম্পন্ন করার প্রয়োজন হবে।

## কারা আইনি অভিভাবক হওয়ার যোগ্য?

নিউ ইয়র্ক স্টেটে, 18 বছরের বেশি বয়সী এবং যুক্তরাষ্ট্রের বৈধ নাগরিক হিসেবে বসবাসরত যেকোনো ব্যক্তি অভিভাবক হওয়ার যোগ্য হবেন। অপ্রাপ্তবয়স্কদের অভিভাবক সাধারণত তাদের মা-বাবা হয়ে থাকেন কিন্তু একজন আত্মীয় অথবা একজন আস্থাভাজন প্রাপ্তবয়স্ক ব্যক্তিও হতে পারেন। অপরাধের রেকর্ড রয়েছে এমন কেউ অভিভাবক হওয়ার যোগ্য নাও হতে পারেন।

## অভিভাবক হওয়ার প্রক্রিয়া

### অপ্রাপ্তবয়স্ক ব্যক্তির অভিভাবকত্ব

অভিভাবক হওয়ার জন্য, আপনাকে অবশ্যই:

+ অভিভাবকত্বের জন্য আদালতে পিটিশন দাখিল করতে হবে।
+ মেডিকেল সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে আপনার সন্তানের সক্ষমতা একজন লাইসেন্সধারী ফিজিশিয়ান এবং একজন লাইসেন্সধারী মনস্তত্ত্ববিদ দ্বারা মূল্যায়ন করাতে হবে।

যদি এই সিদ্ধান্ত গৃহীত হয় যে আপনার সন্তান মেডিকেল সিদ্ধান্তগুলোর জন্য অবহিত সম্মতি প্রদানে অক্ষম, তাহলে একটি শুনানির আয়োজন করা হবে যেখানে আইনি অভিভাবক বাছাই করা হবে।

## বিশেষ ধরনের অভিভাবকত্ব

*সাময়িক অভিভাবকত্ব* জরুরি অবস্থায় প্রদান করা হয় যখন কোনো ব্যক্তি তার নিজের সিদ্ধান্ত গ্রহণে অক্ষম হন। সাময়িক অভিভাবকত্ব তাৎক্ষণিকভাবে অনুমোদন করা যায় এবং নিউ ইয়র্ক স্টেটে 60 দিন পর্যন্ত স্থায়ী হয়।

*স্ট্যান্ডবাই গার্ডিয়ানশিপ* কোনো ব্যক্তিকে একজন অপ্রাপ্তবয়স্কের সাময়িক অভিভাবকত্ব প্রদান করে যখন মা-বাবা সেই অপ্রাপ্তবয়স্কের দেখাশোনা করতে পারেন না। এটি সাধারণত ঘটে থাকে যখন মা-বাবা অসুস্থ হন অথবা মৃত্যুবরণ করেন।

পিটিশন দাখিল করার জন্য প্রয়োজনীয় সব তথ্য আপনি নিচে দেয়া নিউ ইয়র্ক স্টেট কোর্টস ইলেক্ট্রনিক ফাইলিং (NYSCEF) ওয়েবসাইটে পাবেন:

http://www.nycourts.gov/courthelp//Guardianship/basics.shtml

## শব্দকোষ

**বুদ্ধিগত অক্ষমতা:** একটি অসুস্থতা যা কোনো ব্যক্তির অবহিত সম্মতি প্রদানের ক্ষমতাকে সীমিত করে ফেলতে পারে। এই অসুস্থতা শৈশবে দেখা দেয় এবং শিক্ষা, ভাষা, আচরণ এবং/অথবা শারীরিক বৃদ্ধির সাথে সম্পর্কিত হতে পারে।

**অভিভাবকত্ব:** একটি শিশু, একজন অক্ষম প্রাপ্তবয়স্ক ব্যক্তি অথবা বুদ্ধিগতভাবে প্রতিবন্ধী কোনো প্রাপ্তবয়স্ক ব্যক্তির শিক্ষা, আর্থিক অবস্থা এবং মেডিকেল সেবার ব্যাপারে আইন কোনো ব্যক্তিকে যে অধিকার দিয়ে থাকে।

**অভিভাবক:** 18 বছর বা তারচেয়ে বেশি বয়সী কোনো ব্যক্তি যার একটি শিশু, একজন অক্ষম প্রাপ্তবয়স্ক ব্যক্তি অথবা বুদ্ধিগতভাবে প্রতিবন্ধী কোনো প্রাপ্তবয়স্ক ব্যক্তির শিক্ষা, আর্থিক অবস্থা এবং মেডিকেল সেবার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা রয়েছে।

**স্বাস্থ্যসেবা প্রক্সি:** কোনো ব্যক্তি নিজে সিদ্ধান্ত নিতে না পারলে তার পক্ষ থেকে স্বাস্থ্যসেবা সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণের জন্য তিনি যে ব্যক্তিকে বেছে নেন।

**অক্ষম প্রাপ্তবয়স্ক ব্যক্তি:** 18 বছর বা তারচেয়ে বেশি বয়সী কোনো ব্যক্তি যিনি নিজের জন্য সিদ্ধান্ত গ্রহণে অক্ষম।

**অবহিত সম্মতি:** প্রাপ্ত পরিষেবার ঝুঁকি ও সুবিধাসমূহ সম্পূর্ণভাবে বুঝে নিয়ে প্রদান করা অনুমতি।

**অভিভাবক নিযুক্ত করার জন্য পিটিশন:** কোনো অপ্রাপ্তবয়স্ক, অক্ষম প্রাপ্তবয়স্ক ব্যক্তি অথবা বুদ্ধিগতভাবে প্রতিবন্ধী কোনো প্রাপ্তবয়স্ক ব্যক্তির অভিভাবক হওয়ার জন্য প্রয়োজনীয় কাগজপত্র।

**পোষ্য বা ওয়ার্ড:** একজন অভিভাবক যে ব্যক্তির জন্য সিদ্ধান্ত গ্রহণ করে থাকেন। তিনি একজন অপ্রাপ্তবয়স্ক, বুদ্ধিগতভাবে প্রতিবন্ধী কোনো প্রাপ্তবয়স্ক ব্যক্তি অথবা অক্ষম প্রাপ্তবয়স্ক ব্যক্তি হতে পারেন।

